
দৈনিক ইত্তেফাক
তারিখ 18 JAN 2008
পৃষ্ঠা ১৫ কলাম ২

# ব্রিটিশ কাউন্সিলে পরীক্ষার মাধ্যমে বিদেশী ডিগ্রী



সময়ের পরিবর্তনের সাথে সাথে কাজের পরিধি যেমন বাড়ছে, তেমনি বাড়ছে প্রতিযোগিতা। কর্মক্ষেত্রের কাজের ধরন ও চাহিদা অনুযায়ী ব্যবসায় প্রশাসন, তথ্য-প্রযুক্তি, একাউন্টিং বিষয়ে দক্ষ পেশাজীবিদের প্রয়োজনীয়তা বেড়েই চলেছে বিশ্বব্যাপী। সে ক্ষেত্রে একই সঙ্গে বাড়ছে এসব চাহিদা সম্পন্ন বিষয়ে ক্যারিয়ার গড়তে ছাত্র/ছাত্রীদের আগ্রহ। বাংলাদেশেও এর ব্যতিক্রম নয়। বর্তমান পেক্ষাপটে বাংলাদেশেও এসব বিষয়সমূহ ছাত্র/ছাত্রীদের অত্যন্ত জনপ্রিয়। চাকরি ক্ষেত্রে নিজেদের স্বাতন্ত্রতা এবং যোগ্যতা প্রমাণের জন্য প্রতিটি শিক্ষার্থীরই স্বপ্ন থাকে আন্তর্জাতিক মানের কোন প্রতিষ্ঠানে অধ্যয়ন




করার। বিত্তবানরা এ উদ্দেশ্যে যুক্তরাজ্যে, অস্ট্রেলিয়া, কানাডা, সুইডেন পাড়ি জমাচ্ছেন নামকরা বিশ্ববিদ্যালয়ে ডিগ্রী অর্জনের জন্য কিন্তু মেধাবী ও সামর্থহীনদের এ স্বপ্ন থেকে যাচ্ছে অপূর্ণ। যার প্রধান কারণ হচ্ছে বিপুল পরিমাণ খরচ। বিদেশে উচ্চ শিক্ষাগ্রহণে আগ্রহী মেধাবীদের স্বপ্ন পূরণের সুযোগ করে দিয়েছে যুক্তরাজ্যের এনসিসি এডুকেশন। বাংলাদেশ এনসিসি এডুকেশন অনুমোদিত অন্যতম প্রতিষ্ঠান হচ্ছে ডেফোডিল ইনস্টিটিউট অব আইটি (ডিআইআইটি)। এনসিসি এডুকেশন খোদ যুক্তরাজ্যের সরকার কর্তৃক ১৯৬৩ সালে প্রতিষ্ঠিত। তথ্য-প্রযুক্তি ও ব্যবসায় প্রশাসন শিক্ষার ক্ষেত্রে বৃটেনসহ বিশ্বের ৪৫টি দেশের ৩৫০টি প্রতিষ্ঠানে এনসিসি এডুকেশন স্ট্যান্ডার্ড ফলো করা হয়। কারণ এনসিসি ইতোমধ্যে শিক্ষার্থীদের জন্য অত্যাধুনিক ও আন্তর্জাতিক মানসম্পন্ন শিক্ষা নিশ্চিত করেছে। ফলে বিশ্বজুড়ে এনসিসি এডুকেশন, ইউকে'র সার্টিফিকেশনের রয়েছে বিশেষ মূল্যায়ন।

ডিআইআইটি ১৯৯৭ ইং সাল থেকে যুক্তরাজ্যের এনসিসি এডুকেশন ও লন্ডন মেট্রোপলিটন বিশ্ববিদ্যালয়ের অধীনে কম্পিউটার ও ব্যবসায় প্রশাসনে অনার্স ও ডিপ্লোমা প্রোগ্রাম পরিচালনা করে আসছে। ডিআইআইটি হতে পরিচালিত এ সকল প্রোগ্রাম সমূহের বৈশিষ্ট্য হলো- আন্তর্জাতিকভাবে স্বীকৃত, সম্পূর্ণ প্রোগ্রামটি পরিচালিত হয়। যুক্তরাজ্য কর্তৃপক্ষ কর্তৃক, সিলেবাস প্রণয়ন এবং পাঠ্য পুস্তক প্রেরিত হয় যুক্তরাজ্য থেকে। বৃটিশ কাউন্সিল কর্তৃক পরীক্ষা গ্রহণ করা হয়, প্রশ্নপত্র প্রণয়ন, উত্তরপত্র মূল্যায়নসহ রেজাল্ট, সার্টিফিকেট ও মার্কশীট প্রেরিত হয় যুক্তরাজ্য থেকে। যে কোন বয়সের এইচএসসি পাশ কম্পিউটার/ব্যবসায় প্রশাসন বিষয়ে উচ্চশিক্ষা গ্রহণে আগ্রহী শিক্ষার্থীদের জন্য দেশে বসেই আন্তর্জাতিক ডিগ্রি অর্জনের একটি চমৎকার সুযোগ। বিএসসি অনার্স/বিবিএ ভর্তির ন্যূনতম যোগ্যতা যে কোন গ্রুপ থেকে এইচএসসি পাস/'এ' লেভেল বা সমমান। বয়সের কোন সীমাবদ্ধতা নেই, নেই কোন সেশনজট। কর্মজীবিদের জন্য সান্ধ্যকালীন ক্লাসের ব্যবস্থা রয়েছে। ডিআইআইটি থেকে এ পর্যন্ত প্রায় দেড় হাজার (১৫০০) ছাত্র/ছাত্রী যুক্তরাজ্য সহ বিশ্বের বিভিন্ন দেশে ক্রেডিট ট্রান্সফার এর মাধ্যমে লেখাপড়া করছে, অনেকে সেসব দেশে স্থায়ী হয়েছে। ডিআইআইটি থেকে (অনার্স) গ্র্যাজুয়েশন সম্পন্ন করা কেউ বেকার নেই।

ডিআইআইটির অনেক ছাত্র/ছাত্রী বিশ্বের বিভিন্ন খ্যাতনামা প্রতিষ্ঠানে উচ্চ শিক্ষার্থে বৃত্তি পেয়েছে যা আমাদের দেশের জন্য সম্মান। ডিআইআইটিতে মান সম্পন্ন শিক্ষা নিশ্চিত করার জন্য নেটওয়ার্ক নিয়ন্ত্রিত বিশাল কম্পিউটার ল্যাব, সাইবার ক্যাফে, ফাইবার অপটিক ক্যাবল নিয়ন্ত্রিত ইন্টারনেট সুবিধা ও আধুনিক শীততাপ নিয়ন্ত্রিত ইন্টারনেট সুবিধা ও আধুনিক শীততাপ নিয়ন্ত্রিত ক্লাসরুম এবং সুবিশাল লাইব্রেরী রয়েছে। মেধাবী ও গরীব শিক্ষার্থীদের জন্য বিভিন্ন ধরনের স্কলারশীপের ব্যবস্থা রয়েছে। এছাড়াও ডিআইআইটি আন্তর্জাতিক (নেপাল, পাকিস্তান, নাইজেরিয়া, মালদ্বীপ, ইরান) শিক্ষার্থীদের জন্য চমৎকার পরিবেশ সৃষ্টি করেছে। ফলে এ সব দেশের



**মোঃ নুরুজ্জামান**
*একাডেমীক ডিরেক্টর, ডিআইআইটি*

শিক্ষার্থীরা ডিআইআইটিতে পড়াশোনা করছে। ডেফোডিল ইনস্টিটিউট অব আইটি (ডিআইআইটি) আন্তর্জাতিক মান নিয়ন্ত্রণ, অভিজ্ঞ শিক্ষক, শ্রেষ্ঠ ফলাফল ও অধিক সংখ্যক ছাত্র/ছাত্রীর জন্য এনসিসি এডুকেশন, ইউকে কর্তৃক ২০০৫ ও ২০০৭ সালে একাডেমিক এক্সিলেন্স অ্যাওয়ার্ড অর্জন করেছে। প্রতি দুই বছর অন্তর এনসিসি এডুকেশন, ইউকে অনুমোদিত বিশ্বের ৪৫টি দেশের ৩৫০টি ইনস্টিটিউটের আন্তর্জাতিক সম্মেলনে এ অ্যাওয়ার্ড প্রদান করা হয়। উক্ত ৩৫০টি ইনস্টিটিউটের মধ্যে শ্রেষ্ঠত্ব প্রমাণ করে ডিআইআইটি একাডেমিক এক্সিলেন্স অ্যাওয়ার্ড অর্জন করে, যা আমাদের দেশের জন্য একটি বিরল সম্মান।

বিস্তারিত জানতে যোগাযোগ-ডিআইআইটি, বাড়ি#০৭, রোড # ১৪ (নতুন), ধানমন্ডি, ঢাকা। ফোন : ৯১২৪৭৭৩, ০১৭১৩৪৯৩২৬৪।

■ ক্যারিয়ার ডেস্ক